

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪১৬

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯) বিশেষ করে এশা ও ফজর নামায জামাআতের সাথে পড়ার প্রতি উদ্বুদ্ধকরণ এবং এ দু'নামাযের জামাআতে অনুপস্থিত থাকার প্রতি ভীতি প্রদর্শন

الترغيب في صلاة العشاء والصبح خاصة في جماعة والترهيب من التأخر عنهما

## আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : إِنَّ أَثْقَلَ صَلَاةٍ عَلَى الْمُنَافِقِينَ صَلَاةُ الْعِشَاءِ وَصَلَاةُ الْفَجْرِ وَلَوْ يَعْلَمُونَ مَا فِيهِمَا لِنَّ أَهْرَ هُمَا وَلَوْ حَبُوا وَلَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ بِالصَّلَاةِ فَتُقَامَ ثُمَّ آمُرَ رَجُلًا فَيُصلِّيَ بِالنَّاسِ ثُمَّ لَأَتُوْهُمَا وَلَوْ حَبُوا وَلَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ بِالصَّلَاةِ فَتُقَامَ ثُمَّ آمُرَ رَجُلًا فَيُصلِّي بِالنَّاسِ ثُمَّ أَمْرَ رَجُلًا فَيُصلِي بِالنَّاسِ ثُمَّ أَمْرَ رَجُلًا فَيُصلِي بِالنَّاسِ ثُمَّ أَمْرَ رَجُلًا فَيُصلِي عَلَيْهِمْ بُونَ عَلَيْهِمْ بُيُوتَهُمْ بِالنَّارِ.(رواه البخاري ومسلم)

## বাংলা

8১৬. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "নিশ্চয় মুনাফেকদের উপর সর্বাধিক কস্টকর সালাত হলো ফজর ও এশার সালাত। তারা যদি জানতো এ দু'টি সালাতে কি ফ্যীলত রয়েছে তাহলে হামাগুড়ি দিয়ে হলেও তাতে উপস্থিত হত। আমি ইচ্ছা করি যে সালাতের আদেশ দিব অতঃপর উহা প্রতিষ্ঠা করা হবে, তারপর একজন লোককে আদেশ দিব সে লোকদের ইমাম হয়ে সালাত পড়াবে। অতঃপর আমি কাঠের বোঝা বহনকারী কিছু লোককে নিয়ে ঐ সকল লোকদের বাড়ীতে যাব, যারা সালাতে উপস্থিত হয়নি। তারপর তাদের বাড়ীগুলো (কাঠে আগুন লাগিয়ে) তাদেরকেসহ জ্বালিয়ে দিব।"

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৬৭৫ ও মুসলিম ৬৫১)

মুসলিমের বর্ণনায় রয়েছেঃ

أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدَ نَاسًا فِي بَعْضِ الصَّلَوَاتِ فَقَالَ لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ رَجُلًا يُصلِّي بِالنَّاسِ ثُمَّ أُخَالِفَ إِلَى رِجَالٍ يَتَخَلَّفُونَ عَنْهَا فَآمُرَ بِهِمْ فَيُحَرِّقُوا عَلَيْهِمْ بِحُزَمِ الْحَطَبِ بُيُوتَهُمْ وَلَوْ عَلِمَ أَحَدُهُمْ أَنَّهُ بِالنَّاسِ ثُمَّ أُخَالِفَ إِلَى رِجَالٍ يَتَخَلَّفُونَ عَنْهَا فَآمُرَ بِهِمْ فَيُحَرِّقُوا عَلَيْهِمْ بِحُزَمِ الْحَطَبِ بُيُوتَهُمْ وَلَوْ عَلِمَ أَحَدُهُمْ أَنَّهُ بِالنَّاسِ ثُمَّ أُخَالِفَ إِلَى رِجَالٍ يَتَخَلَّفُونَ عَنْهَا فَآمُر بَهِمْ فَيُحَرِّقُوا عَلَيْهِمْ بِحُزَم الْحَطَب بُيُوتَهُمْ وَلَوْ عَلِمَ أَحَدُهُمْ أَنَّهُ يَعْنِى صَلَاةَ الْعِشَاءِ



রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কতিপয় লোককে কোন কোন নামাযের জামাআতে উপস্থিত দেখতে পেলেন না। তখন বললেনঃ

''আমার ইচ্ছা হয় যে, একজন লোককে আদেশ করি সে মানুষকে নিয়ে নামায পড়াবে। তারপর আমি ঐ সমস্ত লোকদের বাড়ীতে যাই যারা জামাআতে হাযির হয়নি, অতঃপর তাদের ব্যাপারে আদেশ করি কাঠের বোঝা জ্বালিয়ে তাদেরকেসহ তাদের বাড়ী-ঘর পুড়িয়ে দেই। তাদের কেউ যদি জানতো যে নামাযে আসলে একটি মোটা হাডিড লাভ করবে তাহলে উক্ত নামায়ে উপস্থিত হত। অর্থাৎ এশার নামায়ে।''

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ ভ্রায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন